



بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী

খুলনা - ৯২০১

ফোন : ০২-৪৭৭৭২০৭৩৮

ফ্যাক্স : ০২-৪৭৭৭২০৮০৮

ই-মেইল : contact@khulnashipyard.gov.bd

খুলি/সেক-৩৪/১৮


২০ আগস্ট ২০২৬

ব্যবস্থাপনা পরিচালকের প্রশংসা পত্র - মোঃ জাহিদুল ইসলাম, উপ-প্রধান প্রকৌশলী (পি নং -৫৯৬)

১। আমি আপনার কর্মতৎপরতা ও কর্মদক্ষতার জন্য অত্যন্ত আনন্দচিত্তে আপনাকে অভিনন্দন জানাচ্ছি। আপনি যান্ত্রিক (ভিতর) শাখার একজন উপ-প্রধান প্রকৌশলী হিসেবে নিজস্ব উদ্ভাবনী সক্ষমতায় দেশীয় পদ্ধতিতে পাওয়ার 'স' মেটাল কাটিং মেশিনটি সফলতার সহিত স্বল্প খরচে তৈরি করতে সক্ষম হয়। বর্তমানে ১৯৫৭ সালে স্থাপনকৃত মেটাল কাটিং বেড 'স' মেশিনটি দীর্ঘদিন ব্যবহারজনিত কারণে ত্রুটিপূর্ণ ও কার্যক্ষমতা হ্রাস পাওয়ায় মেশিনে ব্যবহৃত কাটিং ব্লেডটি বার বার ভেঙ্গে যায়। স্থানীয় বাজারে ব্লেড না পাওয়ায় বাহিরের দেশ থেকে অত্যধিক মূল্যে (প্রায় টাকা ১,১০,০০০/-) ক্রয় করা হয়, যা সময় সাপেক্ষ ও ব্যয় বহুল। ফলে খুলিলিতে উৎপাদন কাজে ব্যাঘাত সৃষ্টি হয়। এমতাবস্থায়, বিকল্প হিসাবে খুলি যান্ত্রিক ভিতর শাখার ওআইসি, জব অফিসার ও শ্রমিকগণ নিজ প্রচেষ্টায় পাওয়ার 'স' মেটাল কাটিং মেশিন তৈরির সিদ্ধান্ত গ্রহণ করেন এবং সফলতার সহিত স্বল্প খরচে তৈরি করতে সক্ষম হয়। তৈরিকৃত মেশিনে ব্যবহৃত ব্লেডটি স্থানীয় বাজারে পূর্বের ব্লেডের তুলনায় দাম অনেক কম (টাকা ১,৮০০/-) ও সহজলভ্য হওয়ায় সার্বক্ষণিক উৎপাদন কাজ চালু রাখা সম্ভব হয়। ফলশ্রুতিতে খুলি আর্থিকভাবে সাশ্রয়ী, বর্তমানে মেশিনটি সফলভাবে চলমান রয়েছে।

২। উক্ত প্রক্রিয়াতে আপনার প্রশংসনীয় অবদান ছিল। আপনার বুদ্ধিমত্তা, কৌশলগত দক্ষতা, পেশাদারিত্ব ও কাজের প্রতি একাগ্রতা ম্যানেজমেন্টকে মুগ্ধ করেছে। আপনার এই কর্মস্পৃহা ও অনুপ্রেরণা খুলিলির অন্যান্য জনবলের জন্য অনুকরণীয় হয়ে থাকবে বলে আমি আশাবাদী। তাই আমি আপনাকে আপনার কৃতিত্বের জন্য সাধুবাদ জানাচ্ছি এবং আশা করছি আপনার এই কর্মধারা ভবিষ্যতেও অব্যাহত রাখবেন। বর্ণিত সাফল্যকে আপনার চাকুরি জীবনে নথিভুক্ত রাখার নিমিত্তে এই প্রশংসা পত্রের একটি অনুলিপি আপনার ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকবে। নিঃসন্দেহে এটি উৎপাদনে সৃষ্ট সমস্যা সমাধানে আপনার চমৎকার পেশাদারিত্ব এবং সুনিপুন কর্মদক্ষতার স্বাক্ষর বহন করে। আপনার এই কর্মস্পৃহা, অনুপ্রেরণা খুলিলির অন্যান্য কর্মকর্তাদের জন্য অনুকরণীয় হয়ে থাকবে বলে আমি আশাবাদী। তাই আমি খুলিলির সকল সদস্যদের পক্ষ হতে আপনাকে আপনার কৃতিত্বের জন্য সাধুবাদ জানাচ্ছি এবং আশা করছি আপনার এই কর্মধারা ভবিষ্যতেও অব্যাহত রাখবেন।

৩। এই প্রশংসা পত্রের একটি কপি ভবিষ্যতের রেফারেন্সের জন্য আপনার ব্যক্তিগত নথিতে সংরক্ষিত থাকবে।


মোহাম্মদ মাকসুদ আলম
রিয়ার এডমিরাল
ম্যানেজিং ডাইরেক্টর

প্রতিঃ

জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপ-প্রধান প্রকৌশলী, যান্ত্রিক ভিতর শাখা
ওআইসি (যান্ত্রিক ভিতর) শাখা
পি নং - ৫৯৬

অবগতিঃ

জিএম (এ্যাডমিন)
জিএম (প্রোডাকশন)
ডিজিএম (এসবি)
ওআইসি (এ্যাডমিন)

প্রশংসা পত্রের কপি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য।